মহেশপুরে পূর্ব শত্রুতার জেরে ড্রাগন বাগানে হামলা

ঝিনাইদহের মহেশপুরে পূর্ব শত্রুতার জেরে ইদ্রিস আলী নামের এক কৃষকের ২০ শতক জমির অন্তত ২ হাজার ড্রাগন গাছ কেটে ফেলেছে দুর্বৃত্তরা।

মঙ্গলবার (৪ ফেব্রুয়ারি) ভোররাতের দিকে উপজেলার মালাধরপুর গ্রামের মাঠে এ ঘটনা ঘটে।

জানা গেছে, কৃষক ইদ্রিস আলী তিন বছর আগে বেলতলা মাঠে ২০ শতক জমিতে ড্রাগন ফলের আবাদ করেছিলেন। মঙ্গলবার ভোররাতের দিকে তার বাগানের সকল গাছ কেটে দিয়েছে দুর্বৃত্তরা।

কৃষক ইদ্রিস আলী বলেন, ‘আমাদের জমি নিয়ে পাশ্ববর্তী আজমপুর গ্রামের মজিবর ও তার পরিবারের সঙ্গে বিরোধ ছিল। এর আগেও গত বছরের ১৫ নভেম্বর এক বিঘা জমির ড্রাগন বাগান কেটে ফেলেছিল তারা।

মহেশপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. ফয়েজ উদ্দিন বলেন, ‘বিষয়টি শুনেছি। ভুক্তভোগী ওই কৃষক লিখিত অভিযোগ দিলে তদন্ত করে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।